

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 20-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) নদীয়ার তাহেরপুরে পরিবর্তন সংকল্প সভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বন্দে মাতরম স্তোত্রকে বিকশিত ভারতের মন্ত্র হিসেবে গড়ে তোলার কথা বলেছেন।
- ২) দৃশ্যমানতা কম থাকায় প্রধানমন্ত্রী তাহেরপুরে সভাস্থলে যোগ দিতে না পারায়, রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস, ৩ হাজার ২-শো কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।
- ৩) নদীয়ার তাহেরপুর ও বাদকুল্লার মাঝে ট্রেনের ধাক্কায় কমপক্ষে ৩ জনের মৃত্যু হয়েছে।
- ৪) পশ্চিমবঙ্গে বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর প্রক্রিয়ায় মাইক্রো অবজারভার নিয়োগের বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক কেন্দ্রীয় সরকারি বিভিন্ন দপ্তরের প্রধানদের সঙ্গে আজ এক বৈঠকে মিলিত হবেন।
- ৫) বাংলাদেশে অগ্নিগর্ভ পরিস্থিতির প্রেক্ষিতে সুন্দরবনে জলপথে নজরদারি আরও বাড়ানো হয়েছে।

oooooooooooooooooooooooooooo

ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় নদীয়ার তাহেরপুরে সভাস্থলে পৌঁছতে পারলেন না প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিন হাজার ২০০ কোটি টাকার দুটি জাতীয়

সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর শ্রী মোদীর পরিবর্তন সংকল্প সভায় ভাষণ দেওয়ার কথা ছিল। আজ সকালে কলকাতা থেকে তাহেরপুর পর্যন্ত প্রধানমন্ত্রীর হেলিকপ্টার পৌঁছেও তা নামতে পারে নি। ফের তিনি দমদম বিমানবন্দরে ফিরে এসেছেন বলে জানা যাচ্ছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি সভামঞ্চে প্রধানমন্ত্রীর কলকাতায় ফিরে আসার কথা জানান।

এদিকে, সভামঞ্চে উপস্থিত রাজ্যপাল সি ভি আনন্দ বোস, উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এই সড়কপথ নির্মাণের ফলে কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যাতায়াতের সময় আরো দু ঘণ্টা কমে যাবে।

অন্যদিকে, কলকাতা বিমানবন্দর থেকেই ভারুয়ালি পরিবর্তন সংকল্প সভায় বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী তাহেরপুরে সশরীরে উপস্থিত থাওতে না পারায় দুঃখপ্রকাশ করেন। প্রধানমন্ত্রী, হরিচাঁদ ঠাকুর, গুরুচাঁদ ঠাকুর ও বরমার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

(বাইট- মোদী/মতুয়া)

শ্রী মোদী আজ বন্দেমাতরমের সার্বশতবর্ষে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে স্মরণ করে বলেন এই স্তোত্র দেশকে ইংরেজ শাসন থেকে মুক্ত করতে সাহস জুগিয়েছিল। বর্তমানে এই স্তোত্রকেই বিকশিত ভারতের মন্ত্র হিসেবে গড়ে উলতে হবে বলে মতপ্রকাশ করেন তিনি।

(বাইট-মোদী/বন্দেমাতরম)

আজকের অনুষ্ঠানে উপস্থিত আছেন, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, শান্তনু ঠাকুর, রাজ্যসভার সাংসদ, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়া তাহেরপুর ও বাদকুল্লার মাঝে আজ ট্রেনের ধাক্কায় অন্ততপক্ষে তিন জনের মৃত্যু হয়েছে। কৃষ্ণনগরে রেল পুলিশ সূত্রে জানা যায়, ভোর পাঁচটা নাগাদ এরা লাইনের ধারে প্রাতঃকৃত্য করছিলেন। সেই সময়ে ট্রেন ধাক্কা দেয়। গুরুতর আহত অবস্থায় তাঁদের শক্তি নগর হাসপাতালে নিয়ে গেলে, চিকিৎসকরা তিনজনকে মৃত ঘোষণা করে। বাকি দুজনের মধ্যে ভৈরব ঘোষ নামে একজনকে কলকাতায় নিয়ে যাওয়া হচ্ছে। মৃত তিন জন - গোপীনাথ দাশ, মুক্তিপদ সূত্রধর, রামপ্রসাদ ঘোষ, মুর্শিদাবাদের বাসিন্দা। আহত দুজনের মধ্যে শ্যামা চরন মাহাতো নামে আর একজন শক্তি নগর হাসপাতালে ভর্তি। বেসরকারী মতে অবশ্য মৃতের সংখ্যা চার। পুলিশ জানায়, এরা প্রধানমন্ত্রীর সভায় যাবার জন্যে মুর্শিদাবাদ থেকে বেরিয়েছিলো।

প্রধানমন্ত্রী সভাস্থল থেকে মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০

লাল মাটির জেলা বাঁকুড়ায় গত রাত্রি থেকেই তাপমাত্রার পারদ নিম্নমুখী। উত্তরে হাওয়ার দাপটে জবুথবু জেলার মানুষ। আবহাওয়া দপ্তর সূত্রে খবর, বাঁকুড়ায় আজ সর্বনিম্ন তাপমাত্রা কমে দাঁড়িয়েছে ১২ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াসে। বেলা বাড়লেও সূর্যের দেখা নেই।

এদিকে পুরুলিয়া জেলার বিভিন্ন প্রান্ত ও ঘন কুয়াশার চাদরে সম্পূর্ণ ঢেকে গিয়েছে। বেলা গড়িয়ে গেলেও সূর্যের দেখা মেলেনি। চারিদিক ধোঁয়াশায় আচ্ছন্ন থাকায় স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। রাস্তায় দৃশ্যমানতা এতটাই কম যে চালকদের হেডলাইট জ্বালিয়ে গাড়ি চালাতে হচ্ছে। সামনের মানুষ বা যানবাহন স্পষ্ট দেখা না যাওয়ায় দুর্ঘটনার আশঙ্কা বেড়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাতাসের নিম্নস্তরে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে আজ এবং আগামীকাল দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ঘন কুয়াশা সম্ভাবনা রয়েছে।

আজ পূর্ব পশ্চিম বর্ধমান বাঁকুড়া পুরুলিয়া জেলায় বিক্ষিপ্তভাবে সকালের দিকে ঘন কুয়াশা থাকবে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও হালকা কুয়াশা সম্ভাবনা রয়েছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ১ ডিগ্রি বেশি।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার ২০২৬-২৭ সালের ফেব্রুয়ারি মাসের বাজেট পেশের আগে দেশবাসীর কাছে মতামত ও পরামর্শ আহ্বান করেছে। বৃদ্ধি এবং জাতীয় উন্নয়নের প্রশ্নে সাধারণ মানুষের চাহিদা ও আকাঙ্ক্ষা প্রতিফলিত হওয়ার লক্ষ্যেই এই পদক্ষেপ। সাধারণ মানুষ তাঁদের মতামত জানাতে পারবেন www.mygov.in পোর্টালে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় গুনানি সহ অন্যান্য কাজের জন্য মাইক্রো অবজারভার নিয়োগের বিষয়ে আজ বিকেলে বিভিন্ন কেন্দ্রীয় সরকারি কার্যালয়ের প্রধানদের সঙ্গে বৈঠকে বসবেন। কোল ইন্ডিয়া, আয় কর, সীমা শুল্ক, ডি ভি সি, পূর্ব রেল, দক্ষিণ পূর্ব রেল সহ বিভিন্ন কেন্দ্রীয় সরকারি, রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা ও ব্যাংকগুলির প্রতিনিধিদের বৈঠকে উপস্থিত থাকার জন্য বলা হয়েছে।

উল্লেখ্য, এর আগে নির্বাচন কমিশন ভোটের তালিকা নির্ভুল ও ত্রুটিমুক্ত করার উদ্দেশ্যে মুখ্য নির্বাচনী আধিকারিককে মাইক্রো অবজারভার নিয়োগে সম্মতি দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের বর্তমান অগ্নিগর্ভ পরিস্থিতির প্রেক্ষিতে সুন্দরবনের জলপথে নজরদারি কয়েক গুণ বাড়ানো হয়েছে। বিশেষ করে জোরদার করা হয়েছে দক্ষিণ ২৪ পরগনার নামখানা ব্লকের হাতানিয়া-দোয়ানিয়া নদীতে নিরাপত্তা ব্যবস্থা। ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক জলপথ হওয়ায় এই নদীপথে নিয়মিত বাংলাদেশি বার্জ চলাচল করে। পরিস্থিতির গুরুত্ব বুঝে সুন্দরবন জেলা পুলিশের পক্ষ থেকে বিশেষ তৎপরতা শুরু হয়েছে। জলপথে টহল চালিয়ে বিভিন্ন মৎস্যজীবী ট্রলার ও বাংলাদেশি বার্জের কর্মীদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। নদীর বিভিন্ন গুরুত্বপূর্ণ ঘাটে চলছে নাকা চেকিং। সন্দেহজনক যেকোনো গতিবিধির উপর কড়া নজর রাখা হচ্ছে। ট্রলার ও বার্জে থাকা নথিপত্র খতিয়ে দেখা হচ্ছে বলেও জানা গিয়েছে।

সুন্দরবন জেলার পুলিশ সুপার কোটেশ্বর রাও জানান, কোনোরকম অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সেজন্যই এই তৎপরতা। সীমান্তবর্তী এই অঞ্চলে নিরাপত্তা বজায় রাখাই এখন প্রশাসনের প্রধান লক্ষ্য বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে নকশালবাড়ির জাবরা ডিভিশনের চা বাগানে একটি চিতাবাঘ ধরা পড়েছে। এই ঘটনায় স্বস্তি ফিরেছে চা শ্রমিকদের মধ্যে। দীর্ঘ তিন মাস ধরে চিতাবাঘের আতঙ্কে দিন কাটাচ্ছিলেন তারা। একাধিক গবাদিপশুর মৃত্যু থেকে শুরু করে শ্রমিকদের জখম হওয়ার ঘটনায় ভীতি তৈরি হয়।

এরপর বৃহস্পতিবার পানিঘাটা বনদফতরের উদ্যোগে চা বাগানে খাঁচা বসানো হলে আজ ভোরে ফাঁদে পড়ে চিতাবাঘটি।

oooooooooooooooooooo

স্বামী বিবেকানন্দের ১৬৪তম জন্ম দিবস ও জাতীয় যুব দিবস উপলক্ষে আগামী ১২ থেকে ১৮ জানুয়ারি কলকাতায় রামকৃষ্ণ মিশন, স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে নানান সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। প্রতিষ্ঠানের আশ্রম প্রাঙ্গণে গতকাল এক সাংবাদিক সম্মেলনে সম্পাদক স্বামী জ্ঞানলোকানন্দ একথা জানান।

তিনি আরো বলেন, এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে বর্ষব্যাপী নানান জনসেবামূলক কর্মসূচীর সুষ্ঠু রূপায়ন ও আরো বেশি মানুষকে এই কর্মসূচীর আওতায় আনার লক্ষ্যে স্বামী বিবেকানন্দের জন্মস্থান সংরক্ষণ ও সম্প্রসারণের জন্য প্রতিষ্ঠান সংলগ্ন এলাকায় জরুরী ভিত্তিতে অতিরিক্ত জায়গার প্রয়োজন দেখা দিয়েছে। প্রতিষ্ঠানের আশেপাশে বেশ কিছু জমি ও আবাসন চিহ্নিত করা গেছে। সেগুলি কিনে, সাজিয়ে তুলতে স্বামী জ্ঞানলোকানন্দ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের পাশাপাশি সাধারণ জনগণের কাছে আর্থিক সহায়তার আবেদন জানিয়েছেন।

প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.vivekanandahome.org তে এবিষয়ে বিশদে তথ্য পাওয়া যাবে।

তিনি আরও জানান, স্বামীজির ঐতিহ্যবাহী জন্মস্থান সংরক্ষণ এবং নানান জনসেবামূলক কর্মসূচী পালনের পাশাপাশি প্রতিষ্ঠানের নিজস্ব গবেষণা, চিকিৎসা, ভাষাশিক্ষা ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। সেই সব পরিষেবা বিস্তৃত করতে ও আরো বেশি করে স্বামী বিবেকানন্দের আদর্শ মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যেই প্রতিষ্ঠানের তরফে এই সম্প্রসারণের সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মানব ঐক্য দিবস উদযাপিত হচ্ছে। বিশ্বব্যাপী দারিদ্র দূরীকরণ, সামাজিক ন্যায় বিচার ও সমতা প্রতিষ্ঠার কাজে চ্যালেঞ্জ মোকাবেলায় মানুষের মধ্যে ঐক্য, সমন্বয়, সহযোগিতা ও সংহতি দৃঢ় করার লক্ষ্যে দিনটি উদযাপিত হয়ে থাকে।

রাষ্ট্রসংঘ, দারিদ্র দূরীকরণের লক্ষ্যে বিশ্বব্যাপী মানুষের মধ্যে সচেতনতা প্রসারে ২০-শে ডিসেম্বর দিনটিকে মানব ঐক্য দিবস হিসেবে উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

টাটা স্টিল কলকাতা ম্যারাথনের জন্য আগামীকাল (রবিবার) মধ্য কলকাতার রেড রোড সহ বেশ কিছু রাস্তা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ রাত এগারোটা থেকে আগামীকাল ম্যারাথন শেষ না হওয়া পর্যন্ত রেড রোড সম্পূর্ণ বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এছাড়া রবিবার ভোর চারটে থেকে দুপুরে একটা পর্যন্ত মেয়ো রোড, ক্যাসুরিনা এভিনিউ, খিদিরপুর রোড, লাভার্স রোড, ডাফরিন রোড, এজেন্সি বোস রোডের একাংশ বন্ধ থাকবে।

এই সময় যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলির চুঁচুড়ায় পশ্চিমবঙ্গ রাজ্য হ্যান্ডবল ফেডারেশন আয়োজিত পুরুষদের ৫৪ তম জাতীয় হ্যান্ডবল প্রতিযোগিতায় বাংলা চ্যাম্পিয়ন হয়েছে। সুভাষ স্পোর্টস এরিনায়, ফাইনালে বাংলা আজ চণ্ডীগড়কে ৩৭-৩১ গোলে হারিয়ে দিয়েছে।

বাংলা গতকাল সেমিফাইনালে ছত্তিশগড়কে ৩৭-৩৬ গোলে হারিয়ে ফাইনালে উঠেছিলো। অন্য সেমিফাইনালে চণ্ডীগড়, রাজস্থানকে ৪১-৩৮ গোলে পরাজিত করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০